

নয়া দিগন্ত

ঢাকা, সোমবার ১৮ ভাদ্র ১৪৩১, ২ সেপ্টেম্বর ২০২৪

শিক্ষার্থীদের পদচারণায় প্রাণবন্ত এনএসইউ ক্যাম্পাস

প্রায় দেড় মাসের বিরতি দিয়ে জুলাই বিপ্লবের পর আবারো গতকাল শ্রেণীকক্ষে ফিরেছে নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) শিক্ষার্থীরা। অনেক দিন পর সশরীরে ক্লাসে উপস্থিত থাকতে পেরে তাদের মধ্যে উচ্ছ্বাস লক্ষ্য করা গেছে।

রোববার সকাল থেকেই শিক্ষার্থীরা ক্যাম্পাসে প্রবেশ করতে শুরু করে। এ সময় এনএসইউ'র শিক্ষক-কর্মকর্তারা তাদের স্বাগত জানান এবং হাতে স্মারক উপহার তুলে দেন।

এদিকে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে শিক্ষক-শিক্ষার্থীদের শিক্ষা ও গবেষণা কার্যক্রমে মনোনিবেশ করার আহ্বান জানানো হয়েছে।

এনএসইউ'র ভারপ্রাপ্ত ভিসি ও কোষাধ্যক্ষ অধ্যাপক আবদুর রব খান বলেন, অনেক দিন পর শিক্ষার্থীদের হাসিমুখ দেখতে পেরে ভালো লাগছে। ক্লাসে ফিরতে পেরে শিক্ষার্থীরাও বেশ আনন্দিত বলেই মনে হচ্ছে। শিক্ষা কার্যক্রম চালু রাখতে সবার সহযোগিতা প্রয়োজন। শিক্ষার্থীদের কোনো প্রত্যাশা থাকলে আমরা তা শুনতে চাই।' বিজ্ঞপ্তি।

